

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ২১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ২৫.০০.০০০০.০৩২.১৪.০১৬.১৫(অংশ-১)/৩৬৪—তদানিন্দন পূর্ব পাকিস্তান সরকারের ১৭ জুলাই ১৯৬৫ তারিখের ৪৬৪ নং স্মারকে গঠিত ‘Urban Development Directorate’ এর কার্যাবলির ২নং ক্রমিকে বর্ণিত “to prepare and co-ordinate regional plans, master plans and detailed layout and site plans for the existing as well as the new urban centres excluding the areas covered by the present town development authorities of Dhaka, Chittagong and Khulna” এর প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার “পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা উপকূলীয় অঞ্চলের পরিবেশ পর্যটনভিত্তিক সমষ্টিত পরিকল্পনা প্রণয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় মাস্টার প্ল্যান (১টি রিজিওনাল প্ল্যান, ০৭ টি স্ট্রাকচার প্ল্যান, ০৭টি বুরাল এরিয়া প্ল্যান, ০৬টি আরবান এরিয়া প্ল্যান এবং এ্যাকশন এরিয়া প্ল্যান ফর সোনার চর এক্সক্লুসিভ টুরিস্ট জোন) প্রণয়ন সম্পন্ন করিয়াছে।

অতএব, সরকার অত্র প্রজ্ঞাপন দ্বারা বরগুনা জেলার ০৪টি উপজেলা (বরগুনা সদর, পাথরঘাটা, আমতলী, তালতলী) এবং পটুয়াখালী জেলার ০৩টি উপজেলা (কলাপাড়া, গলাচিপা ও রাঙাবালী) সহ মোট ০৭টি উপজেলার জন্য ১ (এক) টি রিজিওনাল প্ল্যান, ০৭ (সাত) টি স্ট্রাকচার প্ল্যান ও ০৭ (সাত) টি বুরাল এরিয়া প্ল্যান এবং বরগুনা সদর, আমতলী, পাথরঘাটা, গলাচিপা, কলাপাড়া পৌরসভা এবং কুয়াকাটা পৌরসভা ও পার্শ্ববর্তী এলাকা নিয়ে গঠিত কুয়াকাটা টুরিজম সেন্টার মাস্টার প্ল্যানসহ ০৬ (ছয়) টি আরবান এরিয়া প্ল্যান এবং সোনার চরকে কেন্দ্র করে আশেপাশের আরও ০৬ (ছয়) টি চর (সোনার চর, চর মন্তাজ, চর হেয়ার/কলাগাছিয়া, আন্দার চর, চর-তাপসী ও টাইগার দ্বীপ) নিয়ে “এ্যাকশন এরিয়া প্ল্যান ফর সোনার চর এক্সক্লুসিভ টুরিস্ট জোন” অনুমোদনের বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করিল।

(২৪৪৫১)

মূল্য : টাকা ৪.০০

২৪৪৫২

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, আগস্ট ২৯, ২০২৪

বিশেষ দ্রষ্টব্যঃ অনুমোদিত প্ল্যানসমূহ নগর উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, বরগুনা ও পটুয়াখালী জেলার জেলা প্রশাসকের কার্যালয় এবং সংশ্লিষ্ট উপজেলা ও পৌরসভা কার্যালয়ে জনসাধারণের পরিদর্শনের সুবিধার্থে সংরক্ষিত থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ খাদেমুর রহমান
সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd